ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৫৫

আগরতলা, ২০ এপ্রিল, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘ভূয়া ইস্টিমিট, দেড় বছরে দুইবার কার্পেটিং আমবাসার রাস্তায় দৃশ্যমান পূর্ত দূনীতি’র শিরোনামে ১৯ এপ্রিল, ২০২৫ তারিখে প্রতিবাদী কলম পত্রিকায় প্রকাশিত সংবাদটির প্রতি পূর্ত দপ্তর (আর এন্ড বি), ৫ম সার্কেল, আমবাসার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। এই বিষয়ে দপ্তরের পক্ষ থেকে এক স্পষ্টিকরণ জারি করা হয়েছে। পূর্ত দপ্তর (আর এন্ড বি) ৫ম সার্কেল, আমবাসা’র সুপারিন্টেন্ডিং ইঞ্জিনীয়ার এস চাকমা স্পষ্টিকরণে জানিয়েছেন মার্চ, ২০২৫ এ পূর্ত দপ্তরের আমবাসা ডিভিশন জেলা প্রধান কার্যালয় কমপ্লেক্স সহ ৮নং জাতীয় সড়ক থেকে ধলাই এস পি অফিস পর্যন্ত রাস্তাটির উন্নয়নের কাজ হাতে নয়। নির্দিষ্ট গুণমান ও নিয়ম মেনে রাস্তাটির বিটুমিন ও কংক্রিটের কাজ সম্পন্ন হয়েছে। অন্যান্য কাজ যেমন রেট্রো রিফ্লেকটিভ মার্কিং, রাস্তার দু’পাশে সোলার ব্লিংকার, ক্যাটস আই, রোড সাটল ইত্যাদি লাগানোর কাজও শীঘ্রই করা হবে।

স্পষ্টিকরণে আরও বলা হয়েছে এই রাস্তাটি গুরুত্বপূর্ণ। কেননা এটির মাধ্যমে জেলাশাসকের অফিস, এস পি অফিস, জেলা জজের অফিস ও অন্যান্য দপ্তরের গুরুত্বপূর্ণ অফিসগুলির সাথে যোগাযোগ বজায় থাকে। এই রাস্তাটি পূর্ত (আর এন্ড বি) দপ্তরই দেখাশোনা করে আসছে। এই রাস্তায় যানবাহন চলাচলের সংখ্যা বেড়েছে এবং বিভিন্ন ধরণের ও ওজনের যান চলাচল করছে বলে এই কমপ্লেক্সে বিটুমিনাস কংক্রিট দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয় রাস্তাটিকে মজবুত ও টেকসই করার জন্য। সেই অনুযায়ী এই টেন্ডারের মাধ্যমে মার্চ, ২০২৫ এ রাস্তাটি মজবুতি করণের কাজ হাতে নেওয়া হয়। এখানে উল্লেখ করা দরকার যে এস্টিমেটে অপরিকল্পিতভাবে সিল কোট-এর বিষয়টি বিবেচনা করা হয়েছিল। কিন্তু বিটুমিনাস কংক্রিট এর পর এর দরকার হয়না। তাই স্যান্ড সীল কোট করানো হবে না এবং তার খরচ চূড়ান্ত বিল এও প্রতিফলিত হবে না।

তাছাড়া এখানে উল্লেখ করা প্রয়োজন যে এই রাস্তাটির মেরামতের কাজ দু’বছর আগেও ২০ এম এম পি এম সি (সীল কোট সহ) দিয়ে করানো হয়েছিল। কিন্তু দুর্ভাগ্যক্রমে ২০২৪ আগস্ট এর ভারি বর্ষণে রাস্তার কার্পেটিং উঠে গিয়েছে বেশ কিছু জায়গায়। তাই আবার মেরামতের কাজ হাতে নিতে হয়।

******